**নাম: মো: ইরফান ভূঞা**

**জন্ম তারিখ: ১২ নভেম্বর, ২০০১**

**শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : প্রাইভেট চাকুরী,
শাহাদাতের স্থান : কাজলা যাত্রাবাড়ী, ঢাকা।

## শহীদের জীবনী

শহীদ মো: ইরফান ভূঞা নরসিংদী জেলার নরসিংদী সদর থানার সাতগ্রাম ইউনিয়নের কান্দাইল গ্রামে ২০০১ সালের ১১ নভেম্বর জন্মগ্রহণ করেন।পিতার নাম মো: আমিনুল ইসলাম এবং মাতার নাম মোসলেমা।এই দম্পতির দুই মেয়ে ও এক ছেলের মধ্যে শহীদ ছিলেন সবার বড়।শহীদ পিতা মো: আমিনুল ইসলাম প্রাইভেট চাকুরী করেন।চাকুরীর সুবাদে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে বর্তমানে বসবাস করছেন।এখানে তার নিজস্ব বাড়িও রয়েছে।শহীদ ইরফান রাজধানী ঢাকার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে লেখাপড়া করতেন।সম্ভাবনাময় এই মেধাবী শিক্ষার্থীকে ফ্যাসিস্ট হাসিনা সরকারের নির্দেশে পুলিশ ও বিজিবি গুলি করে হত্যা করে।

শাহাদাতের প্রেক্ষাপট
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বাংলাদেশের সব জনতার মত শহীদ ইরফানও অংশগ্রহণ করেছিলেন।খুনি হাসিনা সরকারের পতনের লক্ষ্যে বৈষম্যবিরোধী ছাত্র নেতৃবৃন্দ একের পর এক কর্মসূচি ঘোষণা করছিলেন।তাদের ঘোষিত কমপ্লিট শাটডাউন কর্মসূচি জনগণের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।এই কর্মসূচি বাস্তবায়নের জন্য শহীদ ইরফান ভূঞা সাধারণ ছাত্রদের সংগঠিত করেন।১৮ই জুলাই ২০২৪ তারিখে কমপ্লিট শাটডাউন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে একদল ছাত্র নিয়ে যাত্রাবাড়ীতে অবস্থান গ্রহণ করেন।যাত্রাবাড়ী আন্দোলন সংগ্রামের শুচিকাগার হয়ে ওঠে।এখানকার আন্দোলন সংগ্রাম সর্বাত্মক হয়ে ওঠে।ব্যাপক উপস্থিতি আর অনড় মনোভাব ফ্যাসিস্ট খুনি হাসিনার মসনদের ভিত কাঁপিয়ে দেয়।শংকিত খুনি হাসিনা এ আন্দোলন দমাতে লেলিয়ে দেয় আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের সশস্ত্র ক্যাডারদের।বিজিবি ও পুলিশের সাথে এক হয়ে লেলিয়ে দেওয়া খুনি বাহিনী উক্ত কর্মসূচিতে বিকেল তিনটায় হামলা চালায়। পুলিশ ও বিজিবির ছোড়া গুলিতে মাথায় ও বুকে গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই তিনি নিহত হন।একটি গুলি তার বক্ষ ভেদ করে বেরিয়ে যায় এবং আরেকটি গুলি তার মাথায় বিদ্ধ হয়।ফলে ঘটনাস্থানেই তিনি শাহাদাত বরণ করেন।

ব্যক্তিগত প্রোফাইল
নাম : শহীদ মো: ইরফান ভূঞা
পিতার নাম : মো: আমিনুল ইসলাম
মাতার নাম : মোসলেমা
জন্ম তারিখ : ১২ নভেম্বর ২০০১
স্থায়ী ঠিকানা : গ্রাম+ইউনিয়ন: সাতগ্রাম, থানা: নরসিংদী সদর, জেলা: নরসিংদী
বর্তমান ঠিকানা : নিমাইকাশারী, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
বৈবাহিক অবস্থা : অবিবাহিত
আহত হওয়ার স্থান : কাজলা যাত্রাবাড়ী, ঢাকা
আহত হওয়ার সময়কাল : ৫ আগস্ট, ২০২৪
শহীদ হওয়ার সময় : দুপুর ১২:২৫ মিনিট
যাদের আক্রমনে শহীদ : যুবলীগ, ছাত্রলীগ, পুলিশ এবং বিজিবি

প্রস্তাবনা
১. শহীদের বৃদ্ধ পিতার যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা
২. শহীদ পরিবারের সদস্যদের জন্য একটি স্থায়ী আবাসস্থল তৈরি করে দেওয়া
৩. একেবারেই অসচ্ছল এই পরিবারটির জন্য একটি নিয়মিত আয়ের উৎস তৈরি করে দেওয়া